



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-১৩২/১৩৬৮

তারিখঃ ০৪/১০/২০১৬খ্রিঃ

বিষয়ঃ অধ্যক্ষ পদে জ্যেষ্ঠ প্রভাষককে দায়িত্ব প্রদান এবং তাঁর মাধ্যমে এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ১৮৮/২; তারিখঃ ২৪/০৯/২০১৬খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-১৩২/১০৪৪/৪; তারিখঃ ০২/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বাগান ইসলামিয়া আলিম মাদরাসার গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের বিষয়ে গভার্ণিং বডির সভাপতি, মাদরাসার অধ্যক্ষ ও কমিটির সদস্যবৃন্দ কর্তৃক পারস্পারিক অভিযোগ দাখিল করা হয়। দাখিলকৃত অভিযোগ এবং মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অত্র বোর্ডের প্রকাশনা নিয়ন্ত্রক জনাব মোঃ শাহজাহানকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে তদন্ত কর্মকর্তা হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

২) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে মন্তব্য/মতামত অংশে দেখা যায়, গভার্ণিং বডির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান করার কোরাম পূরণ না থাকায় বোর্ড কর্তৃপক্ষ 'গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান' সংক্রান্ত নির্দেশনা জারি বিধি সম্মত হয়েছে। ফলে ভেঙ্গে দেয়া গভার্ণিং বডির সভাপতি কর্তৃক দাখিলকৃত আবেদন বিবেচনা করার কোন আইনগত ভিত্তি নেই।

৩) এছাড়া প্রতিবেদন পর্যালোচনান্তে আরও প্রতীয়মান হয় যে, মাদরাসার অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালনকারী মুহাম্মদ আনোয়ার সাদত এর পদায়ন এবং অধ্যক্ষ পদে নিয়োগ বিধিসম্মত হয়নি। ফলে তদন্তকারী কর্মকর্তা "বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত একজন জ্যেষ্ঠ প্রভাষকের নিকট দায়িত্ব হস্তান্তর পূর্বক দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষের মাধ্যমে এডহক কমিটির অনুমোদন দেওয়া যেতে পারে" মর্মে মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী অধ্যক্ষের দায়িত্ব পালনকারী মুহাম্মদ আনোয়ার সাদত-কে অত্র পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মাদরাসার জ্যেষ্ঠ শিক্ষকের নিকট দায়িত্ব হস্তান্তর পূর্বক বোর্ডকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/১০/২০১৬

মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২০২

০৪/১০/১৬

প্রাপকঃ মুহাম্মদ আনোয়ার সাদত, অধ্যক্ষের দায়িত্ব পালনকারী
বাগান ইসলামিয়া আলিম মাদরাসা, ত্রিশাল, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-১৩২/১৩৬৮(৬)

তারিখঃ ০৪/১০/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি, বাগান ইসলামিয়া আলিম মাদরাসা, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

০৪/১০/১৬

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪